

ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত অ্যামনাই অ্যাসোসিয়েশন

কার্যালয় : রুম নং ৮০৩, এ এফ মুজিবুর রহমান গণিত ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ১০০০

Dhaka University Mathematics Alumni Association

Office: Room No. 803, A F Mujibur Rahman Ganit Bhaban, University of Dhaka, Dhaka 1000, Bangladesh

Website: www.dumathaa.com, E-mail: dumaa1921@gmail.com, Phone : 01799671737 (Office)

বিজ্ঞপ্তি

নির্বাচন: ২০২৪-২০২৫

০৪ অক্টোবর ২০২৩

১। ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত অ্যামনাই অ্যাসোসিয়েশন-এর ২০২৪ ও ২০২৫ কার্যকালের জন্য নির্বাহী পর্ষদের নিম্নলিখিত পদগুলির নির্বাচন ২০২৩ সালের ১ ডিসেম্বর রোজ শুক্রবার বিকাল ৩:০০ টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের টি.এস.সি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হইবে :

(ক) সহ-সভাপতি : ৫ জন (খ) সাধারণ সম্পাদক : ১ জন (গ) অর্থ সম্পাদক : ১ জন (ঘ) যুগ্ম সম্পাদক : ২ জন (ঙ) সাংগঠনিক সম্পাদক : ১ জন (চ) দপ্তর সম্পাদক : ১ জন (ছ) প্রচার ও প্রকাশনা সম্পাদক : ১ জন (জ) সাহিত্য সম্পাদক : ১ জন (ঝ) আন্তর্জাতিক সম্পাদক : ১ জন (এং) সাংস্কৃতিক সম্পাদক : ১ জন (ট) ক্রীড়া সম্পাদক : ১ জন (ঠ) সমাজকল্যাণ সম্পাদক : ১ জন (ড) সদস্য : ১৭ জন।

২। উক্ত নির্বাচনে বিভিন্ন পদের জন্য মনোনয়নপত্র ২০২৩ সনের ১৫ নভেম্বর (বুধবার) বিকেল ৩.০০ টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত অ্যামনাই অ্যাসোসিয়েশন-এর অফিস কক্ষে (কক্ষ নং ৮০৩, এ এফ মুজিবুর রহমান গণিত ভবন) গৃহীত হইবে। মনোনয়নপত্রের জন্য অবশ্যই নির্ধারিত ফরম বা উহার প্রতিলিপি ব্যবহার করিতে হইবে। মনোনয়নপত্র অসম্পূর্ণ বা আইনানুগ না হইলে বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। মনোনয়নপত্র গ্রহণের শেষ সময়ের পর পরই প্রাপ্ত মনোনয়নপত্রগুলি নির্বাচন কার্যালয়ে পরীক্ষা করিয়া দেখা হইবে এবং বৈধভাবে মনোনীত প্রার্থীদের নাম ১৬ নভেম্বর ২০২৩ (বৃহস্পতিবার) ঘোষণা করা হইবে।

৪। বৈধভাবে মনোনীত কোন প্রার্থী ২০২৩ সনের ২০ নভেম্বর (সোমবার) বিকাল ৩.০০ টার মধ্যে স্বাক্ষরিত নোটিশ নির্বাচন কার্যালয়ে প্রদান করিয়া নিজ প্রার্থীপদ প্রত্যাহার করিতে পারিবেন। কোন প্রার্থী এইভাবে স্বীয় প্রার্থীপদ প্রত্যাহার করিলে তাঁহাকে ঐ নোটিশ খারিজ করিতে দেওয়া হইবে না।

৫। কেহ ডাকযোগে মনোনয়ন পত্র দাখিল করিলে অথবা প্রার্থীপদ প্রত্যাহার করিলে তাহা নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রধান নির্বাচন কমিশনারের নিকট পৌঁছাইতে হইবে।

৬। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ সময়ের পর পরই নির্বাচনে অংশ গ্রহণকারী প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হইবে।

৭। চূড়ান্ত তালিকা প্রকাশের পর সহ-সভাপতি পদের জন্য ৫ জনের অধিক, যুগ্ম সম্পাদক পদের জন্য ২ জনের অধিক, সদস্য পদের জন্য ১৭ জনের অধিক অথবা অন্যান্য পদের কোনটির জন্য ১ জনের অধিক প্রার্থী থাকিলে উপরোল্লিখিত তারিখ, স্থান ও সময়ে এইরূপ সকল পদের জন্য ভোট গ্রহণ করা হইবে।

৯। নির্বাচনী সভায় ঘোষিত শেষ সময়ের পরে কাহাকেও ভোটপত্র প্রদান করা হইবে না বা কাহারও ভোটপত্র গ্রহণ করা হইবে না।

১০। ভোট প্রদানের জন্য ২৭ নভেম্বর ২০২৩ (সোমবার) বিকাল ৩:০০টার মধ্যে সমিতির সদস্য হইতে হইবে। নির্বাচনের কোন পর্যায়ে শুধুমাত্র তাঁহারাই অংশ গ্রহণ করিতে পারিবেন যাহাদের নাম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত এই নির্বাচনের ভোটার তালিকাভুক্ত রহিয়াছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত অ্যালামনাই অ্যাসোসিয়েশন

কার্যালয় : রুম নং ৮০৩, এ এফ মুজিবুর রহমান গণিত ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ১০০০

Dhaka University Mathematics Alumni Association

Office: Room No. 803, A F Mujibur Rahman Ganit Bhaban, University of Dhaka, Dhaka 1000, Bangladesh

Website: www.dumathaa.com, E-mail: dumaa1921@gmail.com, Phone : 01799671737 (Office)

- ১১। নির্বাচনের ভোটার তালিকা নির্বাচন কমিশন কার্যালয়ে দেখা যাইতে পারে। কোন প্রার্থী প্রয়োজনীয় ফি (প্রতি পৃষ্ঠা ৫ টাকা) প্রদান করিয়া ভোটার তালিকা ব্যক্তিগতভাবে সংগ্রহ করিতে পারিবেন। ডাকযোগে কাহাকেও ভোটার তালিকা প্রেরণ করা হইবে না।
- ১২। নির্বাচন সংক্রান্ত সকল বিষয় ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত অ্যালামনাই অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৭ এর বিভিন্ন ধারা অনুযায়ী পরিচালিত হইবে। কোন বিষয়ে সন্দেহ বা প্রশ্ন দেখা দিলে নিম্নস্বাক্ষরকারীর সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১৩। প্রয়োজনবোধে নিম্নস্বাক্ষরকারী এই বিজ্ঞপ্তির যে কোন ধারা নূতন বিজ্ঞপ্তির মাধ্যমে পরিবর্তন ও পরিবর্ধন করিতে পারিবেন।
- ১৪। কোন পদের জন্য প্রার্থী না থাকিলে নির্বাচনী সভায় উপস্থিত সদস্যদের মধ্য হইতে সংখ্যাগরিষ্ঠের ভোটে এইরূপ (সকল) পদ পূরণ করা হইবে।



(মুজিবুর রহমান)

প্রধান নির্বাচন কমিশনার

নির্বাচন-২০২৩

ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত অ্যালামনাই অ্যাসোসিয়েশন।